# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

**এসএমই বিভাগ**

www.krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/এসএমইবিভাগ-৭(৮)/২০২৩-২০২৪/২১৬(১২৫০) তারিখঃ ১০/০৩/২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ২০২৩-২০২৪ অর্থবছরে সিএমএসএমই খাতে মেয়াদী প্রকল্প ঋণ বিতরণ জোরদারকরণ এবং বার্ষিক লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য অত্র ব্যাংকের মাঠ পর্যায়ে সিএমএসএমই খাতে ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। তন্মধ্যে সিএমএসএমই খাতে মেয়াদী প্রকল্প ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৬০০.০০ কোটি টাকা নির্ধারিত রয়েছে। এক্ষেত্রে বিভাগওয়ারী বন্টনকৃত লক্ষ্যমাত্রার অর্জনের জন্য প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগ কর্তৃক পত্র নং-৭(৮)/২০২৩-২০২৪/২১১(১২৫০), তারিখ ২৪/০৭/২০২৩ মূলে এতদবিষয়ে প্রয়োজনী দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে। ২৯/০২/২০২৪ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী সিএমএসএমই মেয়াদী প্রকল্প ঋণ বিতরণ পরিস্থিতি নিম্নরূপ ঃ

(কোটি টাকায়)

| ক্রমিক নং | বিভাগের নাম | প্রকল্প ঋণ বিতরণ | | |
|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
| ০১ | ঢাকা | ১০০.০০ | ১.৫৯ | ১.৫৯% |
| ০২ | ময়মনসিংহ | ৬০.০০ | ১.০১ | ১.৬৮% |
| ০৩ | চট্টগ্রাম | ৯৫.০০ | ৫.২১ | ৫.৪৮% |
| ০৪ | খুলনা | ৪০.০০ | ১.৬৮ | ৪.২০% |
| ০৫ | বরিশাল | ২৫.০০ | ১.১৪ | ৪.৫৬% |
| ০৬ | সিলেট | ৪০.০০ | ০.৬৯ | ১.৭৩% |
| ০৭ | কুমিল্লা | ৬০.০০ | ৩.৪০ | ৫.৬৭% |
| ০৮ | ফরিদপুর | ২৫.০০ | ০.৭২ | ২.৮৮% |
| ০৯ | কুষ্টিয়া | ৩০.০০ | ৪.৪২ | ১০.৭৩% |
| ১০ | এলপিও | ১২৫.০০ | ০ | ০.০০% |
| মোট= | | ৬০০.০০ | ১৯.৮৬ | ৩.০০% |

- ** উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় যে, ২০২৩-২০২৪ অর্থবছরের জুলাই ২০২৩ হতে ফেব্রুয়ারী ২০২৪ সময়ে বিভাগীয় কার্যালয়সমূহের বার্ষিক নির্দেশিত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার চরম হতাশাজনক। কোন বিভাগই সিএমএসএমই খাতে মেয়াদী প্রকল্প ঋণ বিতরণে লক্ষ্যমাত্রার আনুপাতিক হার অর্জন করতে পারেনি।

০২। এক্ষণে, বিকেবি পরিচালনা পর্ষদের ৮৫০তম সভায় "ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক সিএমএসএমই খাতে মেয়াদী প্রকল্প ঋণ বিতরণের কার্যক্রম বৃদ্ধি করতে হবে" মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সিএমএসএমই সংক্রান্ত মাস্টার সার্কুলারে (এসএমইএসপিডি সার্কুলার নং ২,তারিখ ০৫/০৯/২০১৯) প্রদত্ত এবং অত্র ব্যাংক ও বাংলাদেশ ব্যাংক এর সময়ে সময়ে জারীকৃত নির্দেশনার আলোকে সিএমএসএমই খাতে মেয়াদী প্রকল্প ঋণ বিতরণ জোরদারকরণ এবং আগামী ৩০/০৬/২০২৪ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

10/03/2024

(আনন্দ মোহন গোপ)
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ০২৪৭-১২০১৬৬
Email:dgmsme@krishibank.org.bd

চলমান পাতা-০২

বিষয় ঃ ২০২৩-২০২৪ অর্থবছরে সিএমএসএমই খাতে মেয়াদী প্রকল্প ঋণ বিতরণ জোরদারকরণ এবং বার্ষিক লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

নং-বিকেবি-প্রকা/এসএমইবিভাগ-৭(৮)/২০২৩-২০২৪/২১৬(১২৫০) তারিখঃ ১০/০৩/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক